

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়: বাজেট ওয়ার্কিং গ্রুপের ২০-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : রতন চন্দ্র পণ্ডিত, যুগ্ম-সচিব (প্রশাসন), জ্বালানি ও
খনিজ সম্পদ বিভাগ।
সভার তারিখ : ২০-১২-২০১৭ খ্রি:
সভার স্থান : সম্মেলন কক্ষ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাজেট সম্পর্কিত ও গুরুত্বপূর্ণ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কোনো প্রতিনিধি উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আগামী ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে অর্থ বিভাগ নির্ধারিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা নির্ধারণ করে দিয়েছে। সে আলোকে অত্র বিভাগ এবং অত্র বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সক্ষমতা অনুযায়ী ২০১৮-১৯ এবং ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যয় সীমা নির্ধারণ ও প্রক্ষেপণ করাই সভার মূল উদ্দেশ্য। এ ছাড়া, মধ্য মেয়াদী বাজেট কাঠামোর বর্ণনামূলক অংশের ০১ অনুচ্ছেদ থেকে ০৫ অনুচ্ছেদ পর্যন্ত নিজ নিজ দফতরের কার্যক্রম যথাযথভাবে প্রতিফলিত করে সংশোধন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ পর্যায়ে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ; বাজেটে প্রস্তাবিত ব্যয়সীমা (অনুন্নয়ন ও উন্নয়ন) এবং সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ সভায় নিম্নরূপে উপস্থাপন করা হয়:

ক. রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ:

(কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৭-১৮	প্রস্তাবিত বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ ২০১৯-২০	প্রক্ষেপণ ২০২০-২১
৪২	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	২৯৯৩.৯১	১০০০.০০	১০০৫.১৮	১১২৫.৮০

খ. অত্র বিভাগের প্রস্তাবিত ব্যয়সীমা:

(কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০১৭-১৮	প্রস্তাবিত বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
				২০১৯-২০	২০২০-২১
৪২	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	২২২৪.৩৩	২৪৪৬.৭৭	২৬৯১.৪৫	২৯৬০.৬০

গ. অত্র বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ:

(কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য ২০১৮-১৯
৪২	জ্বালানি ও খনিস সম্পদ বিভাগ	৬৫৬৬.৬৪

৩. অর্থ বিভাগের প্রতিনিধি জানান যে, বিদ্যমান অর্থনৈতিক কোডের সীমাবদ্ধতা দূরীভূত করে আগামী ২০১৮-১৯ অর্থ বছর থেকে ৫৬ ডিজিটের নতুন অর্থনৈতিক কোড প্রবর্তন করা হচ্ছে, যা সংশ্লিষ্ট সকল দফতর/সংস্থা ব্যবহার করবে। গত অর্থ বছরের চেয়ে আয়ের লক্ষ্যমাত্রা কম (১০০০.০০ কোটি) নির্ধারণ ও বৈদেশিক সহায়তা বেশী (৬৫৬৬.৬৪ কোটি) প্রক্ষেপণ করার বিষয়ে সভাপতি অর্থ বিভাগের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, অত্র বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের আয়ের লক্ষ্যমাত্রা ১০০০.০০ লক্ষ টাকা অসাবধানতা বশত: মুদ্রিত হয়েছে, যা সংশোধন করা হবে। তবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিভিন্ন দফতর/সংস্থার সক্ষমতা অনুযায়ী আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য তিনি অনুরোধ করেন। বৈদেশিক সাহায্য ৬৫৬৬.৬৪ কোটি টাকা প্রাক্কলন করার বিষয়ে তিনি জানান যে, এ পরিমাণ অর্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ থেকে বরাদ্দ দেয়া হয়েছে। যা প্রকল্প অনুমোদনের পরিপ্রেক্ষিতে প্রদান করা হবে। প্রকল্প গ্রহন/বাস্তবায়নের জন্য শেষ পর্যন্ত উক্ত খাতে যে পরিমাণ অর্থের প্রয়োজন হবে, সে পরিমাণ অর্থ বাজেট বরাদ্দ হিসেবে দেখানো হবে।

৪. সভায় বিভিন্ন দফতর/সংস্থার প্রতিনিধিগণ স্ব স্ব দফতরের আয় এবং বরাদ্দের পক্ষে যুক্তি তুলে ধরেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপে আয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ নির্ধারণ ও ব্যয়ের সিলিং নির্ধারণ করা হয়:

৪.১ রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ:

(লক্ষ টাকায়)

দপ্তর/অধিদপ্তর	প্রকৃত আয়		বাজেট	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	২০১৫-১৬	২০১৬-১৭			২০১৯-২০	২০২০-২১
সচিবালয়	৪৮৯.৮৫	৫৫.১৯	৫১২.৮৩	৫২০.০০	৫৩০.০০	৫৫০.০০
হাইড্রোকার্বন	-	-		.৫০	১.০০	১.৫০
জিএসবি	১১.৫৪	১২.৯২	২০.৯০	১৪.০০	১৫.০০	১৬.০০
বিএমডি	৫২৭.৮৮	৩৫৯১.৪৩	৬২০০.১০	৩৯৬৬.৫৮	৪৪৪২.৫৭	৪৯৭৫.৬৮
বিস্ফোরক পরিদপ্তর	৬২৪.২৯	৭১৩.২৮	৬০৭.৬৩	৬৮০.৫৪	৭০০.০০	৭০০.১০
বিপিআই	০	০	০	৩০.০০	৩২.০০	৩৫.০০
পেট্রোবাংলা	৭১৬৮৯.০২	৮১৪৩৭.১০	৯২০৫০.০০	৯১০০০.০০	৯২০০০.০০	৯৩০৬০.০০
বিপিসি	০	০	২০০০০০.০০	২০০০০০.০০	২২০০০০.০০	২৫০০০০.০০
সর্বমোট	৭৩৩৫৪.৫৮	৮৫৮০৯.৯২	২৯৯৩৯১.৪৬	২৯৬২১১.৬২	৩১৭৭২০.৫৭	৩৪৯৩৩৮.২৮

৫৬

পরের পৃষ্ঠায়ঃ

৪.২ অনুন্নয়ন ব্যয় :

(লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	বাজেট ২০১৭-১৮	বাজেট প্রাক্কলন ২০১৮-১৯	বাজেট প্রক্ষেপণ ২০১৯-২০	বাজেট প্রক্ষেপণ ২০২০-২১
সচিবালয় (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ) জিএসবি'র কর্মসূচী ও ব্লু ইকোনমি সেলের বরাদ্দসহ	১৮৬৬.২৩	৩৫০০.০০	১০৩৩.২১	১০৫৩.১২
হাইড্রোকার্বন ইউনিট	১৯৫.০০	৩০২.৮০	২৬৪.৭০	২৯০.৭০
আন্তর্জাতিক সংস্থার চাঁদা	১.১০	.৯৫	.৯৫	.৯৫
জিএসবি	৬৫১৯.৫১	৩৩৩৬.০০	৩১৬৭.০০	৩৩৩২.০০
বিস্ফোরক পরিদপ্তর	২৩২১.৫৬	৮০৮.২৭	৬২৫.২৯	৬৮৩.৬৮
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	২০৫.০০	৩৯৪.০৬	৩৪৮.০৭	৩৪৭.৮৫
বিপিআই	১৯৫.৬০	৩০৫.৮৩	৩২৩.৫৮	৩৪৫.৭৩
মোট অনুন্নয়ন ব্যয়=	১১৩০৪.০০	৮৬৪৭.৯১	৫৭৬২.৮০	৬০৫৪.০৩

৪.৩ এ বিভাগের (অনুন্নয়ন ও উন্নয়ন) মোট ব্যয়:

(লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	বাজেট ২০১৭-১৮	বাজেট প্রাক্কলন ২০১৮-১৯	বাজেট প্রক্ষেপণ ২০১৯-২০	বাজেট প্রক্ষেপণ ২০২০-২১
অনুন্নয়ন ব্যয়	১১৩০৪.০০	৮৬৪৭.৯১	৫৭৬২.৮০	৬০৫৪.০৩
উন্নয়ন ব্যয়	২১১১২৯.০০	২৩৬০২৯.০৯	২৬৩৩৮২.২০	২৯০০০৫.৯৭
সর্বমোট ব্যয়	২২২৪৩৩.০০	২৪৪৬৭৭.০০	২৬৯১৪৫.০০	২৯৬০৬০.০০

৫. সভায় ২০১৮-১৯ অর্থ বছরের উন্নয়ন ব্যয়ের জন্য সম্ভাব্য বৈদেশিক সাহায্য ৬৫৬৬.৬৪ কোটি টাকাসহ উপর্যুক্ত বিভাজন (৪.৩) অনুযায়ী অর্থ বরাদ্দ রাখা হয়। প্রকল্পের অগ্রাধিকারের ভিত্তিতে এবং প্রয়োজনীয়তার নিরিখে অত্র বিভাগের পরিকল্পনা অধিশাখা উক্ত অর্থ বিভিন্ন দফতর/সংস্থার অনুকূলে বরাদ্দ/প্রক্ষেপণ/সিলিং নির্ধারণ করে দাখিল করবে। একইসাথে বাজেট কাঠামোর ২০১৭-১৮ অর্থবছরের প্রথম ভাগের বর্ণনামূলক অংশ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সামঞ্জস্য রেখে সংশোধন ও হালনাগাদ করে আগামী ০২/০১/১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে সভায় বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়।

০৬. বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

৬.১- অত্র কার্যবিবরণীর অনুঃ ৪.১, ৪.২ ও ৪.৩ মোতাবেক আয়ের লক্ষ্যমাত্রা ও ব্যয় প্রাক্কলনের সিলিং নির্ধারণ করা হল। সংশ্লিষ্ট সকল দফতর/সংস্থাসমূহকে আয়ের লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা ১, ২ ও ৩। ফরমসমূহ (অনুন্নয়ন ও উন্নয়ন) পূরণ পূর্বক আগামী ০২/০১/১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

পরের পৃষ্ঠায়ঃ

৭২

- ৬.২ বাজেট কাঠামোর ২০১৭-১৮ অর্থবছরের প্রথম ভাগের বর্ণনামূলক অংশ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সামঞ্জস্য রেখে সংশোধন ও হালনাগাদ করে আগামী ০২/০১/১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
০৭. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৮-১২-২০১৭

(রতন চন্দ্র পণ্ডিত)

যুগ্ম-সচিব (প্রশাসন)

ও

সভাপতি

বাজেট ওয়ার্কিং গ্রুপ


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

নং ২৮.০০. ০০০০. ০১২. ২০.০৩২.১৪-৯০

তারিখ: ২৮.১২.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপ-সচিব, (বাজেট-১৫) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২. পরিচালক (অপা: ও পরি:), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
৩. পরিচালক (অর্থ ও পরি:), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৪. পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, কাওরান বাজার, ঢাকা।
৫. উপ-প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬. উপ-সচিব (প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুন বাগিচা, ঢাকা।
৮. পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১০. সিনিয়র সহকারী প্রধান, সেক্টর ডিভিশন, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।
১১. প্রধান বিদ্যেচারক পরিদর্শক, বিদ্যেচারক পরিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।


(মো: আ: খালেক মল্লিক)
উপ-সচিব (বাজেট)
ফোন: ৯৫৪০২৭১